

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
www.sid.gov.bd

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৮২১.১৭.২১২

তারিখ: ২ বৈশাখ ১৪২৫
১৫ এপ্রিল ২০১৮

বিষয়: নিয়োগপত্র

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন “মর্ডানাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্পে” নিম্নোক্ত প্রার্থীদের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট শাখা-১১ এর গত ১৪/০১/২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ নং পরিপত্র অনুযায়ী পদের সঙ্গে সামঞ্জস্য বেতন গ্রেডে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তে “সহকারি প্রোগ্রামার” পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃনং	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	বেতন গ্রেড ও মাসিক সাকুল্য বেতন
১	বেগম সাজরীণ আলম পিতা: মোঃ আলমগীর হোসেন	২৫২/১, মধ্যফায়দাবাদ, দক্ষিণখান, ফায়দাবাদ, মাদ্রাসা, উত্তরা, ঢাকা-১২৩০	গ্রেড-৯ ৩৫,৬০০/-টাকা সাকুল্য

শর্তাবলী:

ক) এ নিয়োগ আদেশ শুধুমাত্র প্রকল্প মেয়াদকাল পর্যন্ত আনুষ্ঠানিক আদেশ হিসেবে গণ্য হবে। প্রকল্প মেয়াদ সমাপ্ত হওয়ার সাথে সাথে এ নিয়োগ আদেশ প্রকল্পের চাকুরী হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে। এতদুদ্দেশ্যে আলাদাভাবে কোন অব্যাহতিপত্র প্রদান করা হবে না।

খ) কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে ১ (এক) মাসের নোটিশ বা ১ (এক) মাসের সমপরিমাণ সাকুল্য বেতন প্রদান পূর্বক চাকুরী হতে অব্যাহতি দিতে পারবেন। পক্ষান্তরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ১ (এক) মাসের নোটিশ বা ১ (এক) মাসের সমপরিমাণ বেতন সমপর্ণ পূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাকুরী হতে অব্যাহতি নিতে পারবেন।

গ) চাকুরীকালে সার্বক্ষণিক প্রকল্পের কাজে নিয়োজিত থাকতে হবে এবং কাজের মান সন্তোষজনক না হলে নিয়োগ বাতিল করা হবে।


ঘ) চাকুরীকালীন সময়ে চাকুরী সংক্রান্ত প্রযোজ্য সরকারী বিধিমালা প্রযোজ্য হবে।

ঙ) চাকুরীতে যোগদানের সময়ে সিভিল সার্জন কর্তৃক ইস্যুকৃত সু-স্বাস্থ্যের সনদ দাখিল করতে হবে।

চ) প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় শিক্ষাগত ও অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০২। নিয়োগের উপরোক্ত শর্তাবলীতে সম্মত থাকলে তাঁকে ২৫-০৪-২০১৮ তারিখের মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা এর নিকট যোগদান পত্র দাখিল করতে হবে, অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা করা হলো।



১৫-৪-২০১৮

নূর জাহান

উপসচিব

বিতরণ :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ২) অতিরিক্ত-সচিব , উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা বিভাগ
- ৪) পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৫) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ